



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

টেলিযোগাযোগ অধিদপ্তর

মহাপরিচালকের কার্যালয়।

৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

(www.telecomdept.gov.bd)

DOT
ডিপার্টমেন্ট অফ
টেলিকমিউনিকেশনস

স্মারক নং-১৪.৩০.০০০০.২২১.০৮.০০৪.২০-১

তারিখঃ ১২-১১-২০২০খ্রিঃ।


বিষয়: পাসপোর্ট করার জন্য অনাপত্তি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক এর কর্মকর্তা/কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও তাঁর পরিবারবর্গের (স্বামী/স্ত্রী, পুত্র/কন্যা) অনুকূলে পাসপোর্টের জন্য অনাপত্তি সনদ (NOC) জারী করা হয়ে থাকে। অনাপত্তি সনদের নির্ধারিত ফরম সঠিকভাবে পূরণ না করা, আবেদনের সাথে সম্পর্কিত কাগজাদি সংযুক্ত না থাকা, আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে না পাওয়া, ইত্যাদি কারণে ডিওটি কর্তৃক যথাসময়ে অনাপত্তি প্রদান ব্যাহত হয়। নিরবচ্ছিন্নভাবে পাসপোর্টের অনাপত্তি সনদ জারী করার লক্ষ্যে আবেদনের সহিত নিম্নলিখিত কাগজাদি সংযুক্ত থাকা জরুরী:

- ১) নির্ভুলভাবে পূরণকৃত নির্ধারিত অনাপত্তি সনদ ফরম;
- ২) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত অনুলিপি;
- ৩) নবায়নের ক্ষেত্রে পুরাতন পাসপোর্টের তথ্য সন্নিবেশিত পৃষ্ঠার অনুলিপি;
- ৪) প্রেষনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক সংযুক্ত ফরমে (সংযুক্ত-১) প্রত্যয়নপত্র।
- ৫) পরিবারবর্গের পাসপোর্টের ক্ষেত্রে আবেদনকারী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সংযুক্ত ফরমে (সংযুক্তি-২) অঙ্গীকারনামা; এবং
- ৬) প্রেষনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ।

২। বর্ণিতাবস্থায়, তাঁর পক্ষ থেকে সদয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(সঞ্জিব কুমার ঘটক)
পরিচালক (প্রশাসন)
ফোন- ৯৮৩০৪০০।

প্রাপক

- ১) অতিরিক্ত মহাপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিঃ (বিটিসিএল), ৩৭/ই, ইফ্রাটন গার্ডেন, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ, বাড়ী-৩/এ, ৫/এ, ৭/এ(১০ম তলা), রোড-১৭, রাজউক কমার্শিয়াল কার পার্কিং, গুলশান-১, ঢাকা।
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লিঃ, রহমান র্যাগনাম সেন্টার (৭ম-৮ম তলা), ১৯১, গুলশান লিংক রোড, ঢাকা।
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা (টেশিস), টংগী, গাজীপুর।
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কেবল শিল্প লিঃ(বাকেশিএল), নীলক্ষেত টেলিফোন এক্সচেঞ্জ ভবন, নীলক্ষেত, ঢাকা।
- ৭) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৮) উপ-পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৯) সিনিয়র সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ১০) সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ১১) সকল কর্মচারী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-১৪.৩০.০০০০.২২১.০৮.০০৪.২০-১

তারিখঃ ১১-২০২০খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো;

- ১) উপ-পরিচালক (আইসিটি বাস্তবায়ন), ডিওটি- পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার নিমিত্ত।
- ২) উপ-পরিচালক (টেলিকম নিরাপত্তা), ডিওটি- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

সহকারী পরিচালক (আইসিটি)
টেলিযোগাযোগ অধিদপ্তর।

পাসপোর্ট সম্পর্কিত অনাপত্তি সনদ প্রদানের নিমিত্ত
প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব, ডিওটি'র
পদবী....., ডিওটি তে ন্যস্তকরণ নম্বর জাতীয় পরিচয়
পত্র নম্বর..... বর্তমান কর্মস্থল.....
এ বিটিসিএল-এর পদ নামহিসেবে কর্মরত আছেন। পুলিশ বিভাগের
মাধ্যমে ইতোপূর্বে তাঁর পূর্ব পরিচয় ও চরিত্র প্রতিপাদিত হয়েছে/হয়নি এবং তাঁর বিরুদ্ধে বিরূপ কোনো তথ্য অত্র
কার্যালয়ে নেই। তাঁকে/তাঁর পরিবারবর্গের (কর্মকর্তা/কর্মচারী কর্তৃক অঞ্জীকারনামা দাখিল সাপেক্ষে) অনুকূলে পাসপোর্ট
সম্পর্কিত অনাপত্তি সনদ প্রদানে আপত্তি নেই।

তারিখ:.....

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

নাম:

পদবী;

ফোন:

ই মেইল:

পরিবারবর্গের পাসপোর্ট সম্পর্কিত অনাপত্তি সনদ প্রদানের নিমিত্ত
অঞ্জীকারনামা

এই মর্মে অঞ্জীকার প্রদান করছি যে, নিম্নছকে উল্লিখিত ব্যক্তি/ব্যক্তিগণ আমার পরিবারের সদস্য। আমার জানামতে তিনি/তারা অপরাধমূলক কোনো কর্মকাণ্ডের সহিত জড়িত নন। তাঁর/তাঁদের বিষয়ে কোনো কর্তৃপক্ষ কর্তৃক এরূপ কোনো তথ্য পরিলক্ষিত হলে ব্যক্তিগতভাবে নিম্নস্বাক্ষরকারী দায়ভার গ্রহণ করবেন।

| পরিবারের সদস্যগণের (স্বামী/স্ত্রী/পুত্র/কন্যা) নাম | সম্পর্ক | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ নম্বর | জন্ম তারিখ |
|---|---------|--|------------|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |

তারিখ:

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর

নাম:

পদবী;

ডিওটি'তে ন্যস্তকরণ নম্বর

ফোন:

ই মেইল:

বর্তমান কর্মস্থল: